# NATIONAL UNIVERSITY

## BANGLADESH

SAMPLE QUESTION

# Sample Questions

**Four-Year B.S.S.(Honours) Program**

**Effective from the Session : 2024-2025**

**জাতীয় বিশ্ববিদ্যালয়**

অর্থনীতি

স্নাতক (সম্মান) ১ম বর্ষ

শিক্ষাবর্ষ : ২০২৪-২৫

বিষয় কোড: ২১২২০৩

সামষ্টিক অর্থনীত (Macroeconomics)

পূর্ণমান: ৮০ সময়: ৪ ঘন্টা

**যে কোন ০৮টি প্রশ্নের উত্তর দিতে হবে**

১। ক) সামষ্টিক অর্থনীতির উদ্দেশ্যাবলী কি কি? আলোচনা কর। ৫

(What are the objectives of Macroeconomics? Discuss .)

খ) 'সম্ভাব্য জিএনপি' ও 'জিএনপি ফাঁক' সংজ্ঞায়িত কর। একটি সংখ্যাগত উদাহরণ ও কুনের সূত্রটি ব্যাখ্যা কর। ৫

(Define 'Potential GNP' and 'GNP Gap'. Explain Okun's Law with a numerical example.)

২। ক) একটি চিত্রের সাহায্যে চার-খাত বিশিষ্ট অর্থনীতিতে আয়ের চক্রাকার প্রবাহ অংকন কর। অন্তর্গমন ও বহির্গমন এর বিন্দুগুলো স্পষ্টভাবে চিহ্নিত করে ব্যাখ্যা কর। ৪

(Using a diagram, illustrate the circular flow of income in a four-sector economy. Explain the points of injections and leakages with clear indications.)

খ) বাজার দামে মোট অভ্যন্তরীণ উৎপাদন (জিডিপি) এবং উপাদান খরচে জাতীয় আয়ের মধ্যে পার্থক্য কর। জিডিপির চেয়ে নেট অর্থনৈতিক কল্যাণ (NEW) কেন অর্থনৈতিক উন্নতির একটি উত্তম মাপকাঠি বলে বিবেচিত হয়? ৪

(Distinguish between Gross Domestic Product (GDP) at market price and national income at factor cost. Why is Net Economic Welfare (NEW) considered a better measure of economic progress than GDP?)

গ) বাংলাদেশের প্রেক্ষাপটে জাতীয় আয় পরিমাপের দুটি প্রধান সীমাবদ্ধতার উল্লেখ কর। ২

(Mention two major limitations of national income accounting in the context of Bangladesh.)

৩। ক) ভোগ অপেক্ষক সংজ্ঞায়িত কর। একটি চিত্রের সাহায্যে স্বয়ংভূত ভোগ ও প্ররোচিত ভোগ ধারণা দুটি ব্যাখ্যা কর। ৪

(Define consumption function. Explain the concepts of autonomous consumption and induced consumption with the help of a diagram.)

খ) একটি প্রকল্পিত অর্থনীতির জন্য নিম্নলিখিত তথ্য দেওয়া হলো : ৪

(Given the following data for a hypothetical economy:)

i) স্বয়ংভূত ভোগ = ৫০ বিলিয়ন টাকা (Autonomous consumption = Tk. 50 billion)

ii) প্রান্তিক ভোগ প্রবণতা (MPC) = ০.৮০ (Marginal Propensity to Consume (MPC) = 0.80)

iii) জাতীয় আয় (Y) = ৪০০ বিলিয়ন টাকা (National Income (Y) = Tk. 400 billion)

iv) পরিমাপ কর : (i) ভোগ ব্যয়, (ii) গড় ভোগ প্রবণতা (APC) (iii) সঞ্চয়।
(Calculate: (i) Consumption Expenditure, (ii) Average Propensity to Consume (APC), (iii) Saving.)

গ) ভোগ অপেক্ষক সংক্রান্ত কুজনেটের ধাঁধাটি কী? ২

(What was Kuznet's puzzle regarding the consumption function?)

৪। ক) মূলধনের প্রান্তিক দক্ষতা (MEC) বলতে কী বোঝায়? একটি ফার্মের বিনিয়োগ সিদ্ধান্তকে প্রভাব সৃষ্টিকারী প্রধান নির্ধারকগুলোর বর্ণনা দাও। ৪

(What is meant by Marginal Efficiency of Capital (MEC)? Describe the key determinants that influence a firm's investment decisions.)

খ) স্বয়ংভূত বিনিয়োগ ও প্ররোচিত বিনিয়োগের মধ্যে পার্থক্য কর। বাংলাদেশের প্রেক্ষিত বিবেচনায় প্রতিটির একটি করে বাস্তব উদাহরণ দাও। ৩

(Differentiate between autonomous investment and induced investment. Provide one real-world example of each from the context of Bangladesh.)

গ) যদি একটি মেশিন থেকে আগামী ৩ বছর ধরে প্রতিবছর ১০,০০০ টাকা করে আয়ের প্রত্যাশা থাকে এবং মেশিনটির বর্তমান ব্যয় ২৫,০০০ টাকা হয়, তবে বর্তমান মূল্য গণনা কর (৮% ছাড় হার ব্যবহার করে) এবং বিনিয়োগটি লাভজনক কি না-এ বিষয়ে মতামত দাও। ৩

(If the expected annual yield from a machine is Tk. 10,000 for the next 3 years and the current cost of the machine is Tk. 25,000, calculate the present value (using a discount rate of 8%) and advise whether the investment is profitable.)

৫। ক) মুদ্রাস্ফীতির বিভিন্ন কারণ বিশ্লেষণ কর। বাংলাদেশে কোন ধরনের মুদ্রাস্ফীতি সর্বাধিক প্রকট এবং কেন? ৪

(Analyze the various causes of inflation. Which type of inflation is most prevalent in Bangladesh and why?)

খ) "মুদ্রাস্ফীতি দারিদ্রের উপর একটি নিষ্ঠুর অদৃশ্য কর"- মুদ্রাস্ফীতির ফলাফল আলোচনা করে এই উক্তিটি ব্যাখ্যা কর। ৩

("Inflation is a cruel hidden tax on the poor." – Explain this statement by discussing the consequences of inflation.)

গ) একটি উন্নয়নশীল অর্থনীতিতে মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের জন্য দুটি করে আর্থিক ও রাজস্ব নীতির পরামর্শ দাও। ৩

(Suggest two monetary and two fiscal measures to control inflation in a developing economy.)

৬। ক) অর্থের সংজ্ঞা দাও। একটি আধুনিক অর্থনীতিতে অর্থের প্রধান কার্যাবলী ব্যাখ্যা কর। ৩

(Define money. Explain the key functions of money in a modern economy.)

খ) ধরি, কেন্দ্রীয় ব্যাংক অর্থনীতিতে ১০০০ কোটি টাকা নতুন অর্থ সরবরাহ করল। আবশ্যিক রিজার্ভ অনুপাত ১০%। বাণিজ্যিক ব্যাংকিং ব্যবস্থা দ্বারা সৃষ্ট মোট ঋণের পরিমান গণনা কর। ধাপে ধাপে প্রক্রিয়াটি দেখাও। ৪

(Suppose the Central Bank injects Tk. 1000 crore of new money into the economy. The required reserve ratio is 10%. Calculate the total amount of credit that can be created by the commercial banking system. Show the process step-by-step.)

গ) ফিশারের অর্থের পরিমাণ তত্ত্ব (বিনিময় সমীকরণ) উল্লেখ কর এবং এর প্রধান সিদ্ধান্তগুলি ব্যাখ্যা কর। ৩

(State Fisher's Quantity Theory of Money (Equation of Exchange) and explain its main outcomes.)

৭। ক) শ্রম বাজার সম্পর্কে ক্লাসিকাল দৃষ্টিভঙ্গি বর্ণনা কর। ক্লাসিকাল অর্থনীতিবিদদের মতে, শ্রম বাজার কীভাবে ভারসাম্য অর্জন করে এবং পূর্ণ কর্মসংস্থানের স্তর নির্ধারণ করে? ৬

(Describe the Classical view of the labour market. How does the labour market achieve equilibrium and determine the level of full employment, according to the Classical economists?)

খ) ক্লাসিকাল অর্থনীতিবিদরা কেন মনে করেন যে একটি অর্থনীতি দীর্ঘমেয়াদে সর্বদা পূর্ণ কর্মসংস্থানের দিকে ধাবিত হয়? ৪

(Why do Classical economists believe that an economy will always tend towards full employment in the long run?)

৮। ক) সামগ্রিক চাহিদা (AD) ও সামগ্রিক যোগান (AS) সংজ্ঞায়িত কর। এদের নির্ধারকসমূহ লিখ। ৪

(Define Aggregate Demand (AD) and Aggregate Supply (AS). Write down the key determinants of each.)

খ) AD-AS চিত্র ব্যবহার করে, সরকারি ব্যয় বৃদ্ধির ফলে মূল্যস্তর ও প্রকৃত জিডিপির উপর স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী প্রভাব চিত্রসহ ব্যাখ্যা কর। ৬

(Using AD-AS diagrams, illustrate and explain the short-run and long-run effects of an increase in government spending on price level and real GDP.)

৯। ক) আয় ও কর্মসংস্থানের কেইন্সীয় তত্ত্ব ব্যাখ্যা কর। এটি ক্লাসিকাল তত্ত্ব থেকে কীভাবে ভিন্ন? ৫

(Explain the Keynesian theory of income and employment. How does it differ from the classical theory?)

খ) ঘর্ষণমূলক, কাঠামোগত ও চক্রাকার বেকারত্বের মধ্যে পার্থক্য কর। বাংলাদেশের জন্য কোন ধরনের বেকারত্ব সবচেয়ে বড় চ্যালেঞ্জ? ৫

(Differentiate between frictional, structural, and cyclical unemployment. Which type poses the most serious challenge for Bangladesh?)

১০। ক) স্বল্পমেয়াদী সামগ্রিক যোগান (SRAS) রেখা ও দীর্ঘমেয়াদী সামগ্রিক যোগান (LRAS) রেখার মধ্যে পার্থক্য কর। LRAS রেখা উলম্ব কেন? ৫

(Distinguish between the Short-Run Aggregate Supply (SRAS) curve and the Long-Run Aggregate Supply (LRAS) curve. Why is the LRAS curve vertical?)

খ) যখন একটি মুদ্রাস্ফীতিজনিত ফাঁকযুক্ত অর্থনীতি দীর্ঘমেয়াদী ভারসাম্যের দিকে অগ্রসর হয় তখন গতিশীল সমন্বয় প্রক্রিয়াটি সংক্ষেপে বর্ণনা কর। ৫

(Briefly describe the dynamic adjustment process when an economy facing an inflationary gap moves towards long-run equilibrium.)

১১। ক) কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক অর্থ সরবরাহ নিয়ন্ত্রণের জন্য প্রয়োগকৃত দুটি Quantitative Monetary Policy (পরিমানগত আর্থিক নীতি) এবং দুটি Qualitative Monetary Policy (গুণগত আর্থিক নীতি) এর নাম উল্লেখপূর্বক ব্যাখ্যা কর। ৫

(Explain two Quantitative Monetary Policy and two Qualitative Monetary Policy tools used by the Central Bank to control money supply.)

খ) বাংলাদেশের প্রেক্ষাপটে, রাজস্ব নীতির (Fiscal Policy) কার্যকারিতার বাস্তব দুটি প্রধান সীমাবদ্ধতা বর্ণনা কর। ৫

(Describe two major limitations faced by the effectiveness of Fiscal Policy in the context of Bangladesh.)

১২। ক) গুণক ও ত্বরণ (Multiplier and Accelerator) ধারণাগুলোর মধ্যে পার্থক্য পারস্পারিক সম্পর্ক ব্যাখ্যা কর। এই দুটি কীভাবে একত্রিত হয়ে বাণিজ্য চক্র Business Cycle তৈরিতে অবদান রাখে? ৫

(Explain the interaction between the concepts of the Multiplier and the Accelerator. How do they combine to contribute to the formation of the Business Cycle?)

খ) একটি অর্থনীতিতে প্রান্তিক ভোগ প্রবণতা (MPC) ০.৮০ এবং ত্বরণ (Accelerator) এর মান ৩। যদি স্বয়ংভূত বিনিয়োগ ২০০ কোটি টাকা বৃদ্ধি পায়, তবে গুণক-ত্বরণ মিথস্ক্রিয়ার ফলে মোট জাতীয় আয়ের কীরূপ পরিবর্তন হয় তা বিশ্লেষণ কর। ৫

(In an economy, the Marginal Propensity to Consume (MPC) is 0.8 and the value of the Accelerator is 3. If autonomous investment increases by Tk. 200 crore, analyze the resulting change in the total national income due to the multiplier-accelerator interaction.)

**জাতীয় বিশ্ববিদ্যালয়**

রাষ্ট্রবিজ্ঞান

স্নাতক (সম্মান) ১ম বর্ষ

শিক্ষাবর্ষ : ২০২৪-২৫

বিষয় কোড: ২১১৯০৫

Government and Politics in South Asia

পূর্ণমান: ৮০ সময়: ৪ ঘন্টা

**যে কোন ০৮টি প্রশ্নের উত্তর দিতে হবে**

১। দক্ষিণ এশিয়ার ভৌগোলিক ও সাংস্কৃতিক বৈচিত্র্য কীভাবে এ অঞ্চলের রাজনৈতিক ও সামাজিক সংহতিকে প্রভাবিত করেছে- সমালোচনামূলকভাবে বিশ্লেষণ কর। ১০
(Critically examine how the geographical and cultural diversity of South Asia has influenced the political and social integration of the region)

২। ক) দক্ষিণ এশিয়ার কোন দেশের প্রশাসনিক ব্যবস্থা এখনও ঔপনিবেশিক মডেলের সাথে ঘনিষ্ঠভাবে মিলে। ২
(Which South Asian country's administrative system still closely reflects the colonial model?
খ) দক্ষিণ এশিয়ায় রাষ্ট্রগঠন প্রক্রিয়ায় ঔপনিবেশিক শাসনের প্রভাব বিশ্লেষণ কর। ৮
(Discuss the impact of colonial rule on the process of state formation in South Asia)

৩। "Power should be a check to power" – মন্টেস্কু
ক) উপরোক্ত উক্তিটির অর্থ নিজের ভাষায় ব্যাখ্যা কর। ৪
(Explain the above quotation in your own words)
খ) মন্টেস্কুর ক্ষমতা-বিভাজন তত্ত্ব কীভাবে ব্যক্তিস্বাধীনতা নিশ্চিত করে ও স্বৈরাচার রোধ করে তা আলোচনা কর। ৬
(Discuss how Montesquieu's idea of separation of powers ensures liberty and prevents tyranny.)

৪। তোমার মতে, দক্ষিণ এশিয়ার আমলাতন্ত্র কি প্রকৃত অর্থে ঔপনিবেশিক শাসন থেকে মুক্ত হয়েছে? যুক্তিসহ ব্যাখ্যা কর। ১০
(Do you think the bureaucracy in South Asia in still influenced by its colonial post. Justify your answer)

৫। ক) দক্ষিণ এশিয়ার উদাহরণসহ সংসদীয় ও রাষ্ট্রপতি শাসনব্যবস্থার পার্থক্য ব্যাখ্যা কর। ৫
(Distinguish between parliamentary and presidential forms of government with example from South Asia)
খ) দক্ষিণ এশিয়ার দেশগুলোর রাজনৈতিক স্থিতিশীলতায় শাসনব্যবস্থার ধরন কীভাবে প্রভাব ফেলে? ৫
(How does the type of government influence political stability in |South Asian counties?)

৬। সমসাময়িক ভারতে ধর্মনিরপেক্ষতার সংকট বিশ্লেষণ কর। সংখ্যাগরিষ্ঠতাবাদী রাজনীতির উত্থান কীভাবে ভারতের ধর্মনিরপেক্ষ সাংবিধানিক আদর্শকে চ্যালেঞ্জ করেছে? ১০
(Critically examine the crisis of secularism in contemporary India. How has the rise of majoritarian politics challenged the constitutional ideals of secularism?)

৭। ক) পাকিস্তানে "সামরিক শাসন দখল" বলতে কী বোঝায়? ২
(What is meant by "Military takeover" in Pakistan)
খ) পাকিস্তানের রাজনীতিতে বারবার সামরিক হস্তক্ষেপের প্রধান কারণগুলো উল্লেখ কর। ৪
(Identify the major causes of repeated military interventions in Pakistan's politics)
গ) সামরিক শাসন পাকিস্তানের গণতন্ত্রীকরণ প্রক্রিয়াকে কীভাবে প্রভাবিত করেছে তা আলোচনা কর। ৪
(Discuss how military rule has affected the process of democratization in Pakistan)

SAMPLE QUESTION

৮। ক) স্বাধীনতার পর থেকে শ্রীলংকার রাজনৈতিক স্থিতিশীলতাকে হুমকির মুখে ফেলেছে এমন তিনটি প্রধান চ্যালেঞ্জ উল্লেখ কর। ৩

(Identify three major challenges that have threatened Sri Lanka's political order since independence)

খ) জাতিগত সংকট সমাধানে শ্রীলংকা সরকার ও আন্তর্জাতিক সংস্থাগুলোর গৃহীত শান্তি প্রতিষ্ঠার প্রচেষ্টা মূল্যায়ন কর। ৭

(Evaluate the peace-building efforts made by the Sri Lankan government and international actors to resolve the ethnic crisis)

৯। ক) নেপালের নতুন সংবিধানের প্রেক্ষাপটে ধর্মনিরপেক্ষতা বলতে কী বোঝায়? ৩

(What does secularism mean in the context of Nepal's new constitution?)

খ) ধর্মনিরপেক্ষতা গণতন্ত্রে রূপান্তর নেপালের রাজনীতিতে জাতিগত সম্পর্ক ও শ্রেণি কাঠামোকে কীভাবে প্রভাবিত করেছে তা বিশ্লেষণ কর। ৭

(Examine how the transition to a secular democracy has affected ethnic relations and class dynamics in Nepalese politics)

১০। দক্ষিণ এশিয়ায় ভারত, চীন, যুক্তরাষ্ট্র এবং বাংলাদেশের প্রধান রাজনৈতিক সম্পর্কগুলো ব্যাখ্যা কর। এই সম্পর্কগুলো কীভাবে আঞ্চলিক শান্তি, স্থিতিশীলতা এবং অর্থনৈতিক উন্নয়নে প্রভাব ফেলে তা ব্যাখ্যা কর। ১০

১১। ক) SAARC-এর পূর্ণরূপ কী এবং SAARC কখন প্রতিষ্ঠিত হয়? ২

(What does SAARC stand for and when was SAARC founded?)

খ) শিক্ষা, স্বাস্থ্য বা জলবায়ু পরিবর্তন সম্পর্কিত সামাজিক উন্নয়নমূলক উদ্যোগে SAARC-এর অবদান পরীক্ষা কর। ৪

(Examine SAARC's contribution to social development initiatives such as education, health or climate change programs)

গ) SAARC এর সদস্যদের মধ্যে সংঘাত কীভাবে সংস্থার শান্তি ও স্থিতিশীলতা বৃদ্ধিতে ভূমিকা পালনে বাধা দেয় তা বিশ্লেষণ কর। ৪

(Analyze how conflicts among SAARC members hinder the organizations' role in promoting peace and stability)

১২। ক) দক্ষিণ এশিয়ার রাজনীতিতে পপুলিজম কীভাবে সংজ্ঞায়িত করা হয়? ২

(Define populism in the context of South Asian politics)

খ) দুর্নীতি, পপুলিজম ও আঞ্চলিক সহযোগিতা ইত্যাদি চ্যালেঞ্জ বিবেচনা করে দক্ষিণ এশিয়ার রাজনীতির ভবিষ্যৎ দিক আলোচনা কর। ৮

(Discuss the future directions of South Asian politics considering challenges like corruption, populism and regional cooperation)

SAMPLE QUESTION

**জাতীয় বিশ্ববিদ্যালয়**

**সমাজকর্ম**

স্নাতক (সম্মান) ১ম বর্ষ

শিক্ষাবর্ষ : ২০২৪-২৫

বিষয় কোড: ২১২১০৩

বাংলাদেশ অধ্যয়ন: সমাজ, শাসন ও রাজনীতি

পূর্ণমান: ৮০ সময়: ৪ ঘন্টা

**যে কোন ০৮টি প্রশ্নের উত্তর দিতে হবে**

১। ক) বাংলাদেশের মানুষের উৎপত্তি ও নৃতাত্ত্বিক পরিচয় আলোচনা কর। ৪
(Discuss the origin and anthropological identity of the people of Bangladesh.)
খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ও হেনরি ডিরোজিও কীভাবে বাংলায় আধুনিক শিক্ষা ও সামাজিক সংস্কারকে প্রভাবিত করেছিলেন তা ব্যাখ্যা কর। ৬
(Describe how Iswar Chandra Vidyasagar and Henry Derozio influenced modern education and social reform in Bengal.)

২। ক) বাংলাদেশের সমাজের প্রেক্ষিতে জাতিসত্তা ও বর্ণের সংজ্ঞা দাও। ২
(Define ethnicity and race with reference to Bangladeshi society.)
খ) বাংলাদেশের ক্ষুদ্র নৃগোষ্ঠীর অধিকার রক্ষায় সরকারি উদ্যোগগুলো কীভাবে সহায়ক ভূমিকা রেখেছে তা প্রদর্শন কর। ৪
(Show how government initiatives have helped to protect the rights of tribal communities in Bangladesh.)
গ) পার্বত্য চট্টগ্রামের অস্থিরতার কারণ বিশ্লেষণ এবং তা নিরসনের সম্ভাব্য পদক্ষেপ প্রস্তাব কর। ৪
(Analyze the causes of unrest in the Hill Tracts and suggest possible mitigating steps.)

৩। বাংলাদেশের বিভিন্ন নৃগোষ্ঠীর মধ্যে সম্প্রীতি বৃদ্ধির জন্য একটি সম্প্রদায়ভিত্তিক সাংস্কৃতিক কর্মসূচি পরিকল্পনা কর। ১০
(Design a community-based cultural program to promote harmony among different ethnic groups in Bangladesh.)

৪। ক) পহেলা বৈশাখের সাংস্কৃতিক তাৎপর্য কী? ২
(What is the significance of Pahela Boishakh in Bangladeshi culture?)
খ) বিশ্বায়ন বাংলাদেশের ঐতিহ্যবাহী সাংস্কৃতিক পরিচয়ের ওপর কী প্রভাব ফেলেছে তা মূল্যায়ন কর। ৮
(Evaluate the impact of globalization on the traditional cultural identity of Bangladesh.)

৫। ক) বাংলা সাহিত্যে চর্যাপদের ঐতিহাসিক গুরুত্ব ব্যাখ্যা কর। ৩
(Explain the historical significance of Charyapada in Bengali literature.)
খ) বাংলাদেশের প্রত্নতাত্ত্বিক ঐতিহ্য কীভাবে জাতীয় পরিচয় ও পর্যটনে অবদান রাখে তা বিশ্লেষণ কর। ৭
(Analyze how archaeological heritage contributes to the national identity and tourism of Bangladesh.)

৬। বাংলাদেশের সংবিধানের মৌলিক নীতিসমূহ কীভাবে মানবাধিকার ও জনকল্যাণ নিশ্চিত করতে পারে সে বিষয়ে একটি প্রতিবেদন প্রস্তুত কর।১০
(Prepare a report suggesting how constitutional principles can ensure human rights and welfare in Bangladesh.)

৭। ক) বাংলাদেশের বিদেশি বিনিয়োগ আকর্ষণে বিডার ভূমিকা কী? ২
(What is the role of BIDA in attracting foreign investment in Bangladesh?)
খ) বিদেশি সাহায্য কীভাবে বাংলাদেশের অর্থনৈতিক সার্বভৌমত্বকে প্রভাবিত করে তা মূল্যায়ন করো। ৮
(Evaluate how foreign aid influences the economic sovereignty of Bangladesh.)

SAMPLE QUESTION

৮। ক) পররাষ্ট্রনীতির সংজ্ঞা দাও। ২
(Define foreign policy.)
খ) জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশের অবদান কীভাবে বাস্তবায়িত হয়েছে? ৪
(How has Bangladesh contributed to UN Peacekeeping Missions?)
গ) কূটনৈতিক সম্পর্ক কীভাবে বাংলাদেশকে বৈশ্বিক বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণে সহায়তা করতে পারে তা ব্যাখ্যা কর। ৪
(How can diplomatic relations help Bangladesh expand trade and investment globally?)

৯। রেমিট্যান্স ও তৈরি পোশাক খাত একসঙ্গে কীভাবে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন সংগঠনে ভূমিকা রাখছে তা বিশ্লেষণ কর। ১০
(Analyze how remittance and RMG sectors together shape Bangladesh's economic development.)

১০। ক) হিমালয় থেকে বঙ্গোপসাগর পর্যন্ত জলবিদ্যুৎ সম্পদের সম্ভাবনা আলোচনা কর। ৫
(Discuss the potential of hydropower resources from the Himalayas to the Bay of Bengal.)
খ) বাংলাদেশের নীল অর্থনীতির সম্ভাবনা ও চ্যালেঞ্জ মূল্যায়ন কর। ৫
(Evaluate the prospects and challenges of the Blue Economy in Bangladesh.)

১১। বাংলাদেশকে উন্নত রাষ্ট্রে পরিণত করার জন্য একটি কৌশলগত রোডম্যাপ প্রস্তাব কর। ১০
(Propose a strategic roadmap for transforming Bangladesh into a developed nation.)

১২। ক) বিশ্ব ঐতিহ্যের সাতটি বিস্ময় কী কী? ২
(What are the Seven Wonders of the World Heritage?)
খ) বাংলাদেশের ইউনেস্কো (UNESCO) স্বীকৃত ঐতিহ্যবাহী স্থানের গুরুত্ব ব্যাখ্যা কর। ৩
(Explain the importance of UNESCO-recognized heritage sites in Bangladesh.)
গ) সাংস্কৃতিক পরিবর্তনের প্রক্রিয়ায় লোকসংস্কৃতি ও আধুনিক সংস্কৃতির মধ্যে বিরোধ মূল্যায়ন কর। ৫
(Evaluate the conflicts between folk and modern culture in the process of cultural change.)

SAMPLE QUESTION

**জাতীয় বিশ্ববিদ্যালয়**

সমাজবিজ্ঞান

স্নাতক (সম্মান) ১ম বর্ষ

শিক্ষাবর্ষ : ২০২৪-২৫

বিষয় কোড: ২১২০০৭

**Social Problems and Issues**

পূর্ণমান: ৮০ সময়: ৪ ঘন্টা

**যে কোন ০৮টি প্রশ্নের উত্তর দিতে হবে**

1. How do dominant groups in society construct what is considered a "social problem"? How is it different from a "personal trouble"? Cite examples from Bangladesh.
(সমাজের প্রভাবশালী গোষ্ঠীগুলি কীভাবে " সামাজিক সমস্যা" হিসেবে বিবেচিত একটি বিষয় তৈরি করে? এটি " ব্যক্তিগত সমস্যা" থেকে কীভাবে আলাদা? বাংলাদেশ থেকে উদাহরণ দিন।)

2. To what extent does rapid population growth in developing regions act as a driver of contemporary social problems—such as poverty, unemployment, and resource depletion? How does this become a symptom of deeper structural inequalities, lack of education, and inadequate healthcare access? Illustrate from Bangladesh.
(উন্নয়নশীল অঞ্চলে সমসাময়িক সামাজিক সমস্যাগুলির--যেমন দারিদ্র্য, বেকারত্ব এবং সম্পদ হ্রাস ইত্যাদিতে-দ্রুত জনসংখ্যা বৃদ্ধি কতটা গভীর অনুঘটক হিসাবে কাজ করে? এটি কীভাবে গভীর কাঠামোগত বৈষম্য, শিক্ষার অভাব এবং অপর্যাপ্ত স্বাস্থ্যসেবা অধিগম্যতার লক্ষণ হয়ে ওঠে? বাংলাদেশ থেকে উদাহরণ দিন।)

3. To what extent does rapid, unplanned urbanization in developing nations exacerbate socio-economic inequalities and foster the growth of informal settlements? What are the viable, sustainable policy interventions to mitigate these consequences?
(উন্নয়নশীল দেশগুলিতে দ্রুত, অপরিকল্পিত নগরায়ন কতটা আর্থ-সামাজিক বৈষম্যকে আরও বাড়িয়ে তোলে এবং অনানুষ্ঠানিক বসতি বৃদ্ধিকে উৎসাহিত করে? এই পরিণতিগুলি প্রশমিত করার জন্য কার্যকর, টেকসই নীতিগত হস্তক্ষেপগুলি কী?)

4. To what extent does the modern, "soft-power" imposition of Western digital media and consumerism constitute a more effective form of cultural imperialism than historical, coercive colonization? How do indigenous communities navigate this to avoid cultural homogenization? Cite examples from Bangladesh.
(পশ্চিমা ডিজিটাল মিডিয়া এবং ভোগবাদের আধুনিক " অর্থনৈতিক ও সাংস্কৃতিক প্রভাব" ঐতিহাসিক, জবরদস্তিমূলক উপনিবেশের চেয়ে সাংস্কৃতিক সাম্রাজ্যবাদের কতটা কার্যকর রূপ গঠন করে? আদিবাসী সম্প্রদায়গুলি সাংস্কৃতিক একজাতকরণ এড়াতে কীভাবে এটিকে সঠিক পথে পরিচালনা করে? বাংলাদেশ থেকে উদাহরণ দিন।)

5. How do the intersections of class, ethnicity, and gender create 'hidden' dimensions of disadvantage? Why is an intersectional approach necessary for analyzing the reproduction of inequality compared to studying these factors in isolation?
(শ্রেণী, জাতিগততা এবং লিঙ্গ কীভাবে সুবিধাবঞ্চিতর 'লুকানো' মাত্রা তৈরি করে? কেন বৈষম্যের পুনরুৎপাদন বিশ্লেষণের জন্য এই কারণগুলি বিচ্ছিন্নভাবে অধ্যয়নের তুলনায় একটি পরস্পর সংযুক্ত এবং পারস্পরিকভাবে শক্তিশালীকরণকারী পদ্ধতির প্রয়োজন?)

6. To what extent has the epidemiological transition in Bangladesh—moving from infectious diseases to non-communicable diseases (NCDs)—outpaced the strengthening of its health system? How do persistent socioeconomic inequalities influence healthcare- seeking behavior for these conditions?
(বাংলাদেশে মহামারীগত পরিবর্তন--সংক্রামক রোগ থেকে অসংক্রামক রোগে রূপান্তর--তার স্বাস্থ্য ব্যবস্থার শক্তিশালীকরণকে কতটা ছাড়িয়ে গেছে? এই কারণের জন্য কীভাবে অটল আর্থ-সামাজিক বৈষম্য স্বাস্থ্যসেবা--সন্ধানী আচরণকে প্রভাবিত করে?)

SAMPLE QUESTION

7. How have shifts in women's roles and increased economic instability redefined traditional family structures and contributed to higher divorce rates?
(কীভাবে নারীর ভূমিকার পরিবর্তন এবং অর্থনৈতিক অস্থিরতা বৃদ্ধি ঐতিহ্যবাহী পারিবারিক কাঠামোকে পুনর্নির্ধারণ করেছে এবং বি বাহবিচ্ছেদের হার বৃদ্ধিতে অবদান রেখেছে?)
8. Does drug use cause juvenile delinquency, or does delinquency lead to drug use? Cite examples from Bangladesh.
(মাদকের ব্যবহার কি কিশোর অপরাধের কারণ, নাকি অপরাধের ফলে মাদক ব্যবহার হয়? বাংলাদেশ থেকে উদাহরণ দিন।)

9. How does the porn industry commodify human sexuality? How has the internet changed pornography consumption and usage patterns between genders?
(পর্নো শিল্প কীভাবে মানুষের যৌনতাকে পণ্যে পরিণত করে? ইন্টারনেট কীভাবে লিঙ্গভেদে পর্নোগ্রাফি ব্যবহার এবং ব্যবহারের ধরণ পরিবর্তন করেছে?)

10. How do multinational corporations, by searching for lower labor costs, contribute to the de-industrialization of developed economies and the exploitation of workers in developing nations? Cite examples from Bangladesh.
(সস্তা শ্রমের সন্ধান করে বহুজাতিক কর্পোরেশনগুলি কীভাবে উন্নত অর্থনীতির শিল্পহীনকরণ এবং উন্নয়নশীল দেশগুলিতে শ্রমিকদের শোষণে অবদান রাখে? বাংলাদেশ থেকে উদাহরণ দিন।)

11. To what extent has the shift toward digital, remote learning during crises accelerated the marginalization of students from low-income households? Give examples.
(সংকটের সময় ডিজিটাল, দূরবর্তী শিক্ষার দিকে ঝুঁকে পড়ার কারণে নিম্ন আয়ের পরিবারের শিক্ষার্থীদের প্রান্তিকীকরণকে কতটা ত্বরান্বিত করেছে? উদাহরণ দিন।)

12. Why do natural disasters have more extreme impacts on poor, women, children, elderly, and underdeveloped societies compared to wealthier ones? Cite examples from Bangladesh.
(কেন প্রাকৃতিক দুর্যোগ দরিদ্র, নারী, শিশু, বয়স্ক এবং অনুন্নত সমাজের উপর ধনী দেশগুলির তুলনায় বেশি চরম প্রভাব ফেলে? বাংলাদেশ থেকে উদাহরণ দিন।)

SAMPLE QUESTION

**জাতীয় বিশ্ববিদ্যালয়**

নৃ-বিজ্ঞান

স্নাতক (সম্মান) ১ম বর্ষ

শিক্ষাবর্ষ : ২০২৪-২৫

বিষয় কোড: ২১৪০০১

Introduction to Anthropology

পূর্ণমান: ৮০ সময়: ৪ ঘন্টা

**যে কোন ০৮টি প্রশ্নের উত্তর দিতে হবে**

১। ক) সাংস্কৃতিক আপেক্ষিকতা এবং স্বজাতিকেন্দ্রিকতার মধ্যে প্রধান পদ্ধতিগত পার্থক্য কী? ২

(What is the primary methodological difference between cultural relativism and ethnocentrism?)

খ) উল্লেখযোগ্য ক্ষতির (সার্বজনীন মানবাধিকার সনদ অনুযায়ী) সম্ভাবনা জড়িত রŴয়ছে এমন একটি সাংস্কৃতিক রীতি অধ্যয়ন করার সময় সাংস্কৃতিক আপেক্ষিকতার অবস্থান বজায় রাখার নৈতিক এবং ব্যবহারিক চ্যালেঞ্জগুলো সমালোচনামূলকভাবে আলোচনা করো। ৪

(Critically discuss the ethical and practical challenges of maintaining a stance of cultural relativism when studying a cultural practice that involves potential of significant harm (as defined by universal human rights charters)

গ) একজন নৃবিজ্ঞানী কীভাবে একাধারে সাংস্কৃতিক পার্থক্যের প্রতি শ্রদ্ধা এবং মানব কল্যাণের প্রতি অঙ্গীকারের মধ্যকার টানাপোড়ন অতিক্রম করেন তা একটি এথনোগ্রাফিক উদাহরণ ব্যবহার করে বিশ্লেষণ করো। ৪

(Using one ethnographic example analyze how an anthropologist simultaneously navigates the tension between respect for cultural difference and a commitment to human well-being.)

২। ক) ক্লিফোর্ড গিয়ার্জ প্রবর্তিত নিবিড় বৃত্তান্ত-এর ধারণাটি সংজ্ঞায়িত করো। ৫

([Define the concept of thick description as introduced by Clifford Geertz.)

খ) কোনও সাংস্কৃতিক ঘটনাকে গঠনকারী বৃহত্তর রাজনৈতিক বা অর্থনৈতিক শক্তিগুলো ব্যাখ্যার জন্য শুধুমাত্র "নিবিড় বৃত্তান্ত"-এর উপর নির্ভর করার একটি সীমাবদ্ধতা সমালোচনামূলকভাবে মূল্যায়ন করো। ৫

(Critically evaluate a limitation of relying solely on "thick description" for explaining the broader political or economic forces shaping a cultural phenomenon.)

৩। ক) নৃবিজ্ঞানের দৃষ্টিকোণ থেকে জৈবিক লিঙ্গ এবং সামাজিক লিঙ্গের মধ্যে পার্থক্য করো। ২

(Distinguish between sex and gender from an anthropological perspective.)

খ) যে কোনও একটি একক মডেল "স্বাভাবিক" বা সার্বজনীন এই ধারণাটিকে কীভাবে লিঙ্গভিত্তিক ভূমিকা ও দায়িত্ব সংক্রান্ত আন্তঃসাংস্কৃতিক গবেষণাগুলো চ্যালেঞ্জ করেছে? ৪

(How have cross-cultural studies of gender roles and responsibilities challenged the idea that any single model is "natural" or universal?)

গ) পারফরমেটিভিটি ধারণাটি কীভাবে আমাদের প্রতিদিনের লিঙ্গ পরিচয়ের গঠনকে বুঝতে সাহায্য করতে পারে? ৪

(In what ways can the concept of performativity help us understand the everyday construction of gender identities?)

৪। ক) কাঠামোগত সহিংসতা বলতে কী বোঝায় সংক্ষেপে বর্ণনা করো। ৫

(Briefly describe what is meant by structural violence.)

খ) কীভাবে একটি সমাজের মধ্যে কাঠামোগত সহিংসতা স্বাভাবিক ও অদৃশ্য হয়ে উঠতে পারে এবং এটিকে দৃশ্যমান করতে নৃবিজ্ঞান কী ভূমিকা পালন করে - একটি উদাহরণ ব্যবহার করে বিশ্লেষণ করো। ৫

(Analyze using an example - how structural violence can become normalized and invisible within a society, and what role anthropology plays in making that visible.)

SAMPLE QUESTION

৫। ক) ভাষাগত আপেক্ষিকতার (স্যাপির-ওয়ার্ফ অনুকল্প) মূল যুক্তিটি কী? ২

(What is the core argument of linguistic relativity (Sapir-Whorf hypothesis)?)

খ) একটি সমকালীন উদাহরণ দাও (যেমন প্রযুক্তি, সামাজিক আন্দোলন বা আইন সম্পর্কিত) যেখানে যুক্তি দেওয়া হয় যে ভাষা সামাজিক বাé বতাকে গঠন করে। এই যুক্তিটির শক্তি মূল্যায়ন করো। ৩

(Provide a contemporary example (e.g., related to technology, social movements, or law) where language is argued to shape social reality. Assess the strength of this argument.)

গ) সাংস্কৃতিক পরিবর্তন এবং এজেন্সি বোঝার জন্য ভাষাগত আপেক্ষিকতার মতো একটি অতিমাত্রায় নিয়ন্ত্রণবাদী দৃষ্টিভঙ্গির সম্ভাব্য বিপদগুলো সমালোচনামূলকভাবে পরীক্ষা করো। ৫

(For understanding cultural change and agency critically examine the potential dangers of an overly deterministic view such as linguistic relativity.)

৬। ক) নৃবিজ্ঞানের সহজ পরিভাষায় "রক্ত সম্পর্কের" বাইরে গিয়ে জ্ঞাতি সম্পর্ককে সংজ্ঞায়িত করো। ৫

(Define kinship in anthropological terms by moving beyond the simple terminology of "blood relations.")

খ) কল্পিত জ্ঞাতি ব্যবস্থাগুলো (যেমন আনুষ্ঠানিক সহ-পিতৃ মাতৃত্ব, দুধের আত্মীয়তা, বা শক্ত আধ্যাত্মিক/সম্প্রদায়গত বন্ধন) কীভাবে সামাজিক সংশ্লিষ্টতা এবং বাধ্যবাধকতা সংক্রান্ত আমাদের বোঝাপড়াকে চ্যালেঞ্জ করে এবং প্রসারিত করে? একটি উদাহরণ ব্যবহার করো। ৫

(How do systems of fictive kinship (such as ritual co-parenthood, milk kinship, or strong spiritual/community bonds) challenge and expand our understanding of social relatedness and obligation? Use an example.)

৭। ক) বহুস্থানিক এথনোগ্রাফি কী এবং কীভাবে এটি একটি পদ্ধতিগত প্রতিক্রিয়া হিসাবে আবির্ভূত হয়েছিল? ২

(What is multi-sited ethnography and how did it emerge as a methodological response?])

খ) একসঙ্গে একাধিক ক্ষেত্রানুসন্ধান (যেমন একটি পণ্য, একটি প্রবাসী জনগোষ্ঠী, বা একটি বেসরকারি সংস্থাকে অনুসরণ করে) পরিচালনার সময় একজন নৃবিজ্ঞানী কোন্ দুটি প্রধান লজিস্টিক এবং ব্যাখ্যাগত চ্যালেঞ্জের মুখোমুখি হতে পারেন, তা আলোচনা করো। ৪

(Discuss two key logistical and interpretive challenges an anthropologist might face when conducting research across multiple field sites simultaneously (e.g., following a commodity, a diaspora, or an NGO).)

গ) বহুস্থানিক নৃগবেষণা কীভাবে নৃবিজ্ঞানের ঐতিহ্যবাহী "ক্ষেত্রানুসন্ধানের" ধারণাটিকে মৌলিকভাবে পরিবর্তন করে? ৪

(How does multi-sited ethnography fundamentally alter the traditional anthropological concept of "the field"?)

৮। ক) জৈবিক সারসত্তাবাদ ব্যাখ্যা করো। নৃবিজ্ঞানের জাতি গবেষণায় কেন এটি সমস্যাযুক্ত? ৫

(Explain biological essentialism. Why is it problematic in anthropological studies of race?)

খ) জাতি যদি জৈবিক ভিত্তিহীন এমন কোন সামাজিক নির্মাণ হয় তবে এখনো কেনো জাতিগত বর্গগুলো এত শক্তিশালী এবং প্রায়শই ধ্বংসাত্মক সামাজিক পরিণতি বয়ে আনে? বিশ্লেষণ করো। ৫

(If race is a social construct with no biological basis, then why racial categories continue to have such powerful and often devastating social consequences? Analyze this.)

৯। ক) "উদ্ধার নৃতত্ত্বের" প্রতি উত্তর-ঔপনিবেশিক নৃবিজ্ঞান উত্থাপিত প্রধান সমালোচনা কী? ২

(What is the main critique offered by postcolonial anthropology towards "salvage ethnography"?)

খ) কীভাবে একটি উত্তর-ঔপনিবেশিক নৃতাত্ত্বিক কাঠামোর মধ্যেও গবেষক এবং গবেষিত সম্প্রদায়ের মধ্যে ক্ষমতার সমীকরণ সক্রিয় থাকতে পারে তা বিশ্লেষণ করো। ৩

(Analyze how power dynamics between the researcher and the researched community can persist even in a postcolonial anthropological framework.)

SAMPLE QUESTION

গ) এই সমালোচনাগুলোর প্রতিক্রিয়া হিসাবে অটোএথনোগ্রাফি বা নেটিভ নৃবিজ্ঞানের ভূমিকা ও নৈতিক জটিলতাগুলো আলোচনা করো। ৫

(Discuss the role and ethical complexities of autoethnography or native anthropology as a response to these critiques.)

১০। ক) বস্তুগত সংস্কৃতি সংজ্ঞায়িত করো। নৃবিজ্ঞানীরা বস্তু কেন অধ্যয়ন করেন? ৫

(Define material culture. Why do anthropologists study objects?)

খ) একটি একক দৈনন্দিন বস্তু বেছে নাও (যেমন একটি মোবাইল ফোন, একটি চেয়ার, এক ধরনের পোশাক)। শুধুমাত্র একটি সরঞ্জাম হিসাবে নয়, বরং এমন একটি জায়গা হিসাবে এটিকে বিশ্লেষণ করো যেখানে সামাজিক সম্পর্ক, সাংস্কৃতিক মূল্যবোধ এবং ঐতিহাসিক প্রক্রিয়াগুলো নিহিত ও পুনরুৎপাদিত হয়। ৫

(Choose a single everyday object (e.g., a mobile phone, a chair, a type of clothing). Analyze it not just as a tool, but as a site where social relations, cultural values, and historical processes are embedded and reproduced.)

১১। ক) মার্ক্সবাদী নৃবিজ্ঞানের মূল ধারণাগুলো সংক্ষেপে উল্লেখ করো। ২

(Briefly outline the core ideas of Marxist anthropology.)

খ) একটি সাধারণ পণ্যের (কফি বা স্মার্টফোনের মতো) বিশ্বব্যাপী উৎপাদন বিশ্লেষণ করতে মার্ক্সবাদী কাঠাম কীভাবে প্রয়োগ করা যেতে পারে? সামাজিক জীবনের কোন্ দিকগুলোকে এই কাঠামোটি উপেক্ষা করতে পারে? ৩

(How can a Marxist framework be applied to analyze the global production of a common item (like coffee or a smart phone)? What aspects of social life might this framework overlook?)

গ) একই ঘটনা (যেমন একটি ধর্মীয় আচার বা একটি ভোগের সংস্কৃতি) অধ্যয়ন করার সময় মার্ক্সবাদী পদ্ধতির বিশ্লেষণাত্মক ফোকাস এবং প্রতীকী বা ব্যাখ্যামূলক পদ্ধতির বিশ্লেষণাত্মক ফোকাসের মধ্যে তুলনা করো ও বৈপরীত্য দেখাও। ৫

(Compare and contrast the analytical focus of a Marxist approach with that of a symbolic or interpretive approach when studying the same phenomenon (e.g., a religious ritual or a consumption culture).)

১২। "সমস্ত নৃতাত্ত্বিক জ্ঞান শেষ পর্যায়ে তার ঐতিহাসিক ও রাজনৈতিক মুহূর্তের একটি ফল।" একটি সমালোচনামূলক রচনায় এই বক্তব্যটি নিয়ে আলোচনা করো। তোমার উত্তর অবশ্যই এই শাস্ত্রের ইতিহাস (যেমন এর ঔপনিবেশিক জট), "রিফ্লেক্সিভ টার্ন" এবং নৃবিজ্ঞান গবেষণায় বস্তুনিষ্ঠতা এবং অবস্থানগততা নিয়ে চলমান বিতর্কে জড়াবে। ১০

("All anthropological knowledge is ultimately a product of its historical and political moment." In a critical essay, discuss this statement. Your answer should engage with the history of the discipline (e.g., its colonial entanglements), the "reflexive turn," and the ongoing debate about objectivity and positionality in anthropological research.)

SAMPLE QUESTION